# যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য্য বিবরণী

স্থানঃ- সভাপতির অফিস কক্ষ,
তারিখ ঃ- ২৩/১১/২০২৪ খ্রিঃ
সময়ঃ- দুপুর ১.০০ টা

আলোচ্য সূচিঃ-

১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। বিভাগীয় আলোচনা।
৩। বিবিধ।

অদ্যকার সভায় অত্র কমিটির সভাপতি সভাপতিত্ব করেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা গত সভার কার্য বিবরণী সভায় পাঠ করিয়া শুনান। তাতে কোনরুপ সংশোধন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হলো।

বিভাগীয় আলোচনায় তিনি সভাকে অবহিত করেন যে, তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বর্তমানে তেমন কোন সমস্যা নেই। তবে তালিকাভুক্ত বিভিন্ন ক্লাব সংগঠনে খেলাধুলার সামগ্রী, বিনোদনের জন্য বাদ্যযন্ত্র এবং শরীর চর্চার জন্য সামগ্রী সরবরাহ করা হলে তাদের শারীরিক ও মানসিক বিকাশ ঘটবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনায় চলতি অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান , ক্লাব সংগঠনে খেলাধুলার সামগ্রী সরবরাহের জন্য নিম্নরুপ একটি প্রকল্প গ্রহণ করা হল, যা পরবর্তী উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় আলোচনা স্বাপেক্ষে অনুমোদন করা হবে।

| ক্রঃ নং- | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ | টেন্ডার/পি আইসি |
|---|---|---|---|
| ১. | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব সংগঠনে সরবরাহের জন্য খেলাধুলার সামগ্রী ক্রয় ও সরবরাহ করণ। | ১,০০,০০০/- | পি আইসি |

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

সভাপতি
যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি

স্মারক নং-
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল
১। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি
হরিপুর, ঠাকুরগাঁও।